তারিখ ২৯/১২/৯২
পৃষ্ঠা ... কলাম ...

# The Bangladesh Times

B.TIMES 29.12.92

06

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

তারিখঃ ২৪–১২–৯২ ইং

## ১৯৯২–৯৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সের

# ভর্তি বিজ্ঞপ্তিঃ

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৯২–৯৩ শিক্ষবর্ষে ১ম বর্ষ নিম্নোক্ত অনার্স বিষয় সমূহে ভর্তি করানোর জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী গ্রহণ করা হইবে। অগ্রণী ব্যাংকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শেখ মুজিব রোড, ষ্টেশন রোড ও চকবাজার, চট্টগ্রাম শাখা হইতে নগদ ১০০·০০ টাকা প্রদান করিয়া ভর্তি ফরম সংগ্রহ করা যাইবে।

| | | |
|---|---|---|
| ক) | ভর্তির নির্ধারিত ফরম বিক্রয় শুরু করার তারিখ | ১০–১–৯৩ ইং |
| খ) | ভর্তি ফরম বিক্রয়ের শেষ তারিখ | ৩১–১–৯৩ ইং |
| গ) | পূরণকৃত ভর্তি ফরম জমা দেওয়ার এবং "প্রবেশপত্র" সংগ্রহ করার শেষ তারিখ | ৩–২–৯৩ইং |

২। ভর্তির যোগ্যতাঃ

(ক) কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক/দাখিল পরীক্ষা এবং ১৯৯১ বা ১৯৯২ সালে কমপক্ষে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষা অথবা উল্লিখিত পরীক্ষাদ্বয়ের সমমান হিসাবে অনুমোদিত প্রত্যেকটি পরীক্ষা কমপক্ষে ২য় বিভাগে উত্তীর্ণ।

(খ) উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য সংরক্ষিত আসনে উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির যোগ্যতা শিথিল করা হইয়াছে এবং তাহা ভর্তির সংশ্লিষ্ট ইউনিট অফিস ও ভর্তি নির্দেশিকা বই হইতে জানা যাইবে।

৩। ভর্তির ইউনিট সমূহের নামঃ — ভর্তিচ্ছু অনার্স বিষয় সমূহের নামঃ

| ভর্তির ইউনিট সমূহের নামঃ | ভর্তিচ্ছু অনার্স বিষয় সমূহের নামঃ |
|---|---|
| 'ক'–ইউনিট (শুধুমাত্র বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখা হইতে উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষা পাশ করিয়া বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য)। | বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয় সমূহের নামঃ পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদবিদ্যা ও প্রানিবিদ্যা। |
| 'খ'–ইউনিট (শুধুমাত্র মানবিক শাখা হইতে উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষা পাশ করিয়া কলা বা সমাজ বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য)। | কলা অনুষদের অন্তর্গত অনার্স বিষয় সমূহঃ বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা (চিত্রকলা/নাট্যকলা শাখা), আরবী, পালি ও সংস্কৃত। |
| দ্রষ্টব্যঃ চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত অনার্স বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে 'খ' ইউনিটের ভিন্ন ভর্তি ফরমে আবেদন করিতে হইবে এবং ভিন্ন ভর্তি পরীক্ষায়ও অংশ গ্রহণ করিতে হইবে। | সমাজ বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয় সমূহঃ অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব ও লোক প্রশাসন। |
| 'ঘ'–ইউনিট (বিজ্ঞান/কৃষি বিজ্ঞান ও বানিজ্য শাখা হইতে উচ্চ মাধ্যমিক এবং বিজ্ঞান শাখা হইতে আলিম পরীক্ষা পাশ করিয়া কলা বা সমাজ বিজ্ঞান অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুকসের জন্য প্রযোজ্য)। | 'খ' ইউনিটের অন্তর্গত একই অনার্স বিষয় সমূহ ও (চারুকলা, আরবী, পালিও সংস্কৃত অনার্স বিষয় সমূহ ছাড়া) এই ইউনিটের ও ভর্তি ইচ্ছুক বিষয় হইবে। |

দ্রষ্টব্যঃ ক্রমিক–২ এ বর্ণিত ভর্তির যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা বিজ্ঞান শাখা হইতে উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষায় বাংলা ও ইংরেজী উভয় বিষয়ে একত্রে গ্রেস ছাড়া শতকরা ৪০ নম্বর পাইয়াছে শুধুমাত্র তাহারাই 'ঘ' ইউনিটে আবেদন করার ও ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের যোগ্য বলিয়া গণ্য করা হইবে।

| | |
|---|---|
| 'গ'–ইউনিট (বাণিজ্য, মানবিক ও বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখা হইতে উচ্চ মাধ্যমিক/সাধারণ/বা বিজ্ঞান শাখা হইতে আলিম/ডিপ্লোমা–ইন–কমার্স পরীক্ষা পাশ করিয়াছে বাণিজ্য অনুষদের অন্তর্গত অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য)। | বাণিজ্য অনুষদের অন্তর্গত অনার্স বিষয় সমূহঃ বি·বি·এ· হিসাব বিজ্ঞান, বি·বি·এ· ব্যবস্থাপনা, বি·বি·এ· ফাইন্যান্স এবং বি·বি·এ· মার্কেটিং। |
| 'ঙ'–ইউনিট (যাহারা যে কোন শাখা হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অথবা সাধারণ/বিজ্ঞান শাখা হইতে আলিম পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে আইন অনুষদের অন্তর্গত আইন বিভাগের এল·এল·বি· আইন অনার্স বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুকদের বেলায় প্রযোজ্য)। | আইন অনুষদের অন্তর্গত আইন বিভাগের এল·এল·বি· আইন অনার্স বিষয়। |

৪। প্রতিটি ভর্তি ফরমের সংগে মাধ্যমিক/দাখিল ও উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষা পাশের সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডে কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের এবং প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রার্থীর দুই কপি সত্যায়িত ফটো সংযোজন করিয়াদিতে হইবে।

৫। ভর্তি ও ভর্তি পরীক্ষা সম্পর্কিত অন্যান্য বিস্তারিত নিয়মাবলী বা তথ্যাবলী ভর্তি নির্দেশিকা বই, সংশ্লিষ্ট ইউনিট ও বিভাগীয় অফিস হইতে জানা যাইবে। ভর্তি সংক্রান্ত কোন কিছুই ডাকযোগে কাহাকেও জানানো হইবে না।

৬। ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ও সময়ঃ

| | |
|---|---|
| চারুকলা (চিত্রকলা/নাট্যকলা) | ১৩–২–৯৩ ইং |
| আরবী/পালি/সংস্কৃত | ১৪–২–৯৩ ইং |
| বনবিদ্যা বিষয় | ১৫–২–৯৩ ইং |
| সমুদ্র বিজ্ঞান বিষয় | ১৬–২–৯৩ ইং |
| 'ক'–ইউনিট | ২২–২–৯৩ইং |
| 'খ'–ইউনিট | ১৬–২–৯৩ ইং |
| 'গ'–ইউনিট | ১৭–২–৯৩ ইং |
| 'ঘ'–ইউনিট | ২৩–২–৯৩ ইং |
| 'ঙ'–ইউনিট | ১৮–২–৯৩ ইং |

প্রত্যেক ইউনিটের লিখিত ভর্তি পরীক্ষা স্ব স্ব তারিখ সকাল ১০ ঘটিকা হইতে বেলা ১টা পর্যন্ত অনুষ্ঠিত হইবে। ইনষ্টিটিউট অব মেরিন সাইন্স এর ভর্তি পরীক্ষার সময়কাল হইবে বিকাল ২টা হইতে ৪টা পর্যন্ত এবং ভর্তি সংক্রান্ত নিয়মাবলী ও তথ্যাবলী ইনষ্টিটিউট হইতে জানা যাইবে।

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১৯৯১–৯২ শিক্ষাবর্ষের মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সের

তারিখঃ ২৪–১২–৯২ ইং

# ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে,

১। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৯১–৯২ শিক্ষাবর্ষের মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

২। যে সকল ছাত্র/ছাত্রী ১৯৯০ বা ১৯৯১ সালের ডিগ্রী (পাশ) পরীক্ষা পাশ করিয়াছে এবং যাহাদের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং ডিগ্রী (পাশ) পরীক্ষায় কমপক্ষে সর্বমোট ৫ (পাঁচ) পয়েন্ট এবং ভর্তি ইচ্ছুক বিষয়ে কমপক্ষে শতকরা ৪০ নম্বর আছে, তাহারা বিভিন্ন অনুষদের অন্তর্গত বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা (নাট্য ও চিত্রকলা), আরবী, পালি, সংস্কৃত, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফাইনান্স, মার্কেটিং, অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব, লোক প্রশাসন, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা বিভাগের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে।

৩। সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে নগদ ১০০/- (একশত) টাকা জমা দিয়া (অফেরৎযোগ্য) আগামী ২–১–৯৩ ইং হইতে ১৬–১–৯৩ ইং তারিখের মধ্যে ভর্তির নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করা যাইবে এবং আগামী ১৮–১–৯৩ ইং পর্যন্ত পূরণকৃত উক্ত নির্ধারিত আবেদন পত্র সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে ভর্তির প্রয়োজনীয় সকল দলিলপত্রের ফটোকপি সহ জমা করিয়া ভর্তি পরীক্ষার "প্রবেশ পত্র" সংগ্রহ করিতে হইবে।

৪। উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য নির্ধারিত যোগ্যতা, ভর্তি পরীক্ষার তারিখ, ভর্তির ... সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে। ডাকযোগে কোন ভর্তি ফরম বা ভর্তি সম্পর্কিত কোন ...